যায়যায়দিন

তারিখ 09 SEP 2007
পৃষ্ঠা ১০ কলাম ৬

# সুন্দর জীবনের জন্য সাক্ষরতা

কান্তি ডেস্ক

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ছিল গতকাল। এ দিনে বিশ্বের অন্যান্য দেশের মতো আমাদের দেশেও সরকারি-বেসরকারি উদ্যোগে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। বিভিন্ন জেলা ও উপজেলা থেকে এসব কর্মসূচির নিউজ পাঠিয়েছেন আমাদের প্রতিনিধি ও সংবাদদাতারা :

গাজীপুর : সকালে জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এক আলোচনা সভায় গাজীপুর সদরের ইউএনও নাসির-উদ-দৌলার সভাপতিত্বে বক্তব্য রাখেন এ ডি এম মির্জা তারিক হিকমত, শিক্ষা অফিসার জেসমিন আক্তার প্রমুখ।

চাদপুর : এ উপলক্ষে চাদপুর শহরে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়। এতে নেতৃত্ব দেন জেলা প্রশাসক এস এম. মনিরুল ইসলাম। র‍্যালিতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কয়েকশ শিক্ষার্থী অংশ নেয়।

নরসিংদী : রেহানা বেগমের সভাপতিত্বে ভেলানগরের সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এক আলোচনা সভায় বক্তব্য রাখেন, এম এ সালাম রানা, মোঃ মামুন-উর রশিদ, মোঃ তায়েবুর রহমান, মোঃ হাবিবুর রহমান, মাসুদা বেগম, আছমা বেগম, বিথী, মুন্নী, কোহিনুর, নুরজাহান প্রমুখ।


আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

রাজবাড়ী : আলোচনা সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) প্রদীপ রঞ্জন চক্রবর্তী। প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক বেগম তৌহিদা বুলবুল। বক্তৃতা করেন রাজবাড়ী সেনা ক্যাম্পের মেজর সৈয়দ তারেক হোসেন, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা বুরোর সহকারী পরিচালক এমদাদুল হক প্রমুখ।

নোয়াখালী : নোয়াখালী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে 'শিক্ষা আনে কল্যাণ, সুখ-স্বাস্থ্য অফুরান' শিরোনামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। নোয়াখালী জেলা প্রশাসন ও উন্নয়ন সংস্থা প্রাণ যৌথভাবে এ আলোচনা সভার আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী। সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ হামিম হাসানের সভাপতিত্বে বক্তব্য রাখেন শরীফ হাসান, অধ্যক্ষ আবুল বাসার, অধ্যাপক কুঞ্জ লাল কর্মকার, আবদুল আউয়াল প্রমুখ।

মেহেরপুর : জেলা প্রশাসন চত্বরে আয়োজিত আলোচনা সভায় এডিসি আনোয়ার হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আতাহার আলী। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ইয়াসমিন বেগম, প্রভাষক খেজমত আলী মালিপা, প্রধান শিক্ষক আবুল কাশেম, সেভ দি চিলড্রেনের ডেপুটি ম্যানেজার হাবিব মাহামুদ প্রমুখ।

দিনাজপুর : র‍্যালি শেষে মোয়াজ্জেম হোসেনের সভাপতিত্বে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন দিনাজপুরের অতিরিক্ত জেলা প্রশাসক দিলীপ কুমার বণিক, জেলা শিক্ষা অফিসার আজহার আলী, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার শাফায়েত হোসেন, দিনাজপুর জেলা স্কুলের প্রধান শিক্ষক মিজানুর রহমান প্রমুখ।

পিরোজপুর : শোভাযাত্রা শেষে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার জিয়াউদ্দিন আহমেদের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোঃ আবদুল কাইয়ুম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ গোলাম মোস্তফা ও স্বাগত বক্তব্য রাখেন উপানুষ্ঠানিক শিক্ষা বুরোর সহকারী পরিচালক অগ্রজ কুমার রায়।

মাগুরা : এ উপলক্ষে সাক্ষরতা সুস্বাস্থ্য ও কল্যাণের চাবিকাঠি শীর্ষক এক আলোচনা সভা মাগুরা প্রেস ক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। রোভা ফাউন্ডেশনের আয়োজনে এ সভায় মীর্জা গোলাম কুদ্দুসের সভাপতিত্বে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোমেনা খাতুন, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের সহকারী পরিচালক বজরুল রশিদ, প্রেস ক্লাব সভাপতি অ্যাডভোকেট দীপক রায় চৌধুরী, অধ্যক্ষ প্রফেসর হাবিবুল হাসান, রোভা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক কাজী কামরুজ্জামান সেখানে বক্তব্য রাখেন।

টাঙ্গাইল : সাধারণ গ্রন্থাগার মিলনায়তনে আয়োজিত এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে মূল প্রবন্ধ পাঠ করেন কবি মাহমুদ কামাল। সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) কমলা রঞ্জন দাশ।

পঞ্চগড় : স্থানীয় সরকারি অডিটোরিয়ামে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় জেলা প্রশাসক মোঃ হাফিজউদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এ কে এস মাহবুবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ শফিউল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ মনজুর হাসান ভূইয়া, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ তাহমিদুল ইসলাম, ফরিদুজ্জামান, খলিলুর রহমান, আলাউদ্দীন প্রমুখ।

কিশোরগঞ্জ : র‍্যালি শেষে অনুষ্ঠিত এক আলোচনা সভায় সভাপতিত্ব করেন এডিসি (শিক্ষা ও উন্নয়ন) আবদুল জলিল। এতে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক সোলতান আহমেদ। বক্তব্য রাখেন সদরের ইউএনও শাহনওয়াজ দিলরুবা খান, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা বুরোর সহকারী পরিচালক মোঃ আবু নাসের, জেলা যুব উন্নয়ন অধিদফতরের উপ-পরিচালক আবু নাঈম মোঃ মাকসুদুর প্রমুখ।

নীলফামারী : নীলফামারীতে র‍্যালি, আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে দিবসটি পালিত হয়েছে। উপজেলা পরিষদ মিলনায়তনে সামাজিক সংগঠন রূপায়নের উদ্যোগে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সৈয়দ মোঃ তাজুল ইসলাম।